



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/ ৩৮৬

তারিখ : ১৬/৫/২০১৭

বিষয় : কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ এর প্রাথমিক পাঠদান অনুমতি/একাডেমিক স্বীকৃতি বাতিল প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৬ খ্রি. তারিখের স্মারক : ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৬.২০১৫-৮০১ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যে সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কোন শিক্ষার্থী ভর্তি করে নাই এবং ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়নি সেই সকল প্রতিষ্ঠানের প্রাথমিক পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি বাতিল করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৪৯৫তম সভার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের প্রাথমিক পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়েছে।

- ১) সোনার বাংলা কলেজ, দাকোপ, খুলনা, EIN.116926
- ২) পান্না বহুমুখী কলেজিয়েট স্কুল, মহম্মদপুর, মাগুরা- EIN.118017
- ৩) মুলিয়া পাবলিক কলেজ, নড়াইল সদর, নড়াইল- EIN.131982
- ৪) সেতার আকবাস টেকনিক্যাল এন্ড বি.এম. কলেজ, মোড়লগঞ্জ, বাগেরহাট- EIN.132055

উল্লেখ্য, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী ভর্তি করে নাই এবং ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ হয়নি। ইতোমধ্যে আলোচ্য কলেজটি জাতীয় করণের লক্ষ্যে ২৮৫ কলেজের মধ্যে তালিকাভুক্ত করা হয়েছে।

এমতাবস্থায়, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ এর প্রাথমিক পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি বাতিল করা যাবে কিনা মহোদয়ের সদয় নির্দেশনার জন্য অনুরোধ করা হলো।

(প্রফেসর মোহাম্মদ আব্দুল আলিম)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৫০

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, বাংলাদেশ, ঢাকা

১৬/৫/১৭